



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন



৬ ডিসেম্বর ২০২৩, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, প্রক্টর, ছাত্র-ছাত্রী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীল দল, কর্মকর্তা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ এর পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

উল্লেখ্য গত (৫ ডিসেম্বর ২০২৩) তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১২(১) ধারা অনুযায়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী-কে ট্রেজারার পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।